

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪১.০১.৩৯১৫.০০০.১৬.০০১.২৪-১০৯

তারিখ-২৯/০৭/২০২৪ইং

বিষয়ঃ বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার মূলক খাত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের ২০২০-২১ অর্থ বছরের ২য় কিস্তি হতে G2P পদ্ধতিতে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস "নগদ" এর মাধ্যমে ভাতা প্রদান করা হচ্ছে। কিন্তু দেখা যায়, অনেক ভাতাভোগীর মৃত্যু হওয়ার পরেরও সঠিক তথ্যের অভাবে সরাসরি তাদের নগদ একাউন্টে টাকা চলে যাচ্ছে। বিধবা ভাতাভোগীদের অনেকের স্বামী জীবিত থাকা অবস্থায় ভাতা গ্রহণ করছেন এবং অনেকে পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ হয়েও ভাতা গ্রহণ করছেন। তাছাড়া অনেক ভাতাভোগীর নগদ হিসাব নাম্বার সঠিক না হওয়ায় ভাতা থেকে বঞ্চিত হচ্ছে। উল্লিখিত বিষয় সমূহ বিবেচনা করে সমাজসেবা অধিদফতরের সামাজিক নিরাপত্তা অধিশাখা হতে বিদ্যমান ভাতাভোগীদেরকে লাইফ ভেরিফিকেশনের নির্দেশনা প্রদান করা হয়েছে। সে মোতাবেক নিম্ন বর্ণিত সময়সূচী অনুযায়ী আপনার ইউনিয়নের বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদেরকে লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করা হবে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	লাইফ ভেরিফিকেশনের তারিখ	বাছাইয়ের সময়
১.	দেওয়ানগঞ্জ সদর	০১ ও ০৪ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
২.	চিকাজানী	০৫ ও ০৬ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৩.	চুকাইবাড়ি	০৭ ও ০৮ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৪.	বাহাদুরাবাদ	১১ ও ১২ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৫.	হাতীভাঙ্গা	১৩ ও ১৪ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৬.	পাররাম রামপুর	১৮ ও ১৯ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৭.	চর আমখাওয়া	২০ ও ২১ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৮.	ডাংধরা	২২ ও ২৫ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০
৯.	দেওয়ানগঞ্জ পৌরসভা	২৭ ও ২৮ আগস্ট ২০২৪	সকাল ৯.৩০- বিকাল ৪.০০

এমতাবস্থায় উল্লিখিত সময়সূচী অনুযায়ী নির্ধারিত তারিখের পূর্বে স্থান নির্ধারণ ও ইউনিয়নব্যাপী ব্যাপক প্রচারের ব্যবস্থা করা এবং ইউনিয়ন কমিটির সকল সম্মানিত সদস্যদের উপস্থিতিতে ভাতাভোগীদেরকে লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করার কাজে সার্বিক সহযোগিতা করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হল।

ভাতাভোগীদের সঙ্গে যা নিয়ে আসতে হবেঃ

- ভাতাভোগীদেরকে অবশ্যই স্ব-শরীরে উপস্থিত থাকতে হবে।
- ভাতাভোগীর ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধনের ফটোকপি ০১ কপি সঙ্গে নিয়ে আসতে হবে।
- যে মোবাইল নাম্বারে টাকা যায় সেই নাম্বারের সিম সহ মোবাইল সঙ্গে নিয়ে আসতে হবে।

উপ-পরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়
জামালপুর।


মোঃ রুছুল আমীন
উপজেলা সমাজসেবা অফিসার (অ.দা.)
দেওয়ানগঞ্জ, জামালপুর

স্মারক নং-৪১.০১.৩৯১৫.০০০.১৬.০০১.২৪-১০৯

তারিখ-২৯/০৭/২০২৪ইং

সদয় জ্ঞাতার্থেঃ

- জনাব নূর মোহাম্মদ, মাননীয় সংসদ সদস্য, জামালপুর-১।
- পরিচালক, বিভাগীয় কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
- উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
-সম্মানিত সদস্য উপজেলা বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটি।
- সম্মানিত সদস্য/ সংরক্ষিত মহিলা সদস্য ওয়ার্ড ইউনিয়ন পরিষদ।
- অফিস কপি।